

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৬৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি সালাতরত অবস্থায় থাকলে, যদি কোন মেষ তার সামনে দিয়ে অতিক্রম করতে চায়, তবে তার জন্য বৈধ রয়েছে মেষকে বাধা দেওয়া

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يَمْنَعَ الشَّاةَ إِذَا أَرَادَتِ الْمُرُورَ بَيْنَ يَدَيْهِ وَهُوَ يُصلِّي

আরবী

2365 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا الْفَضِلُ بْنُ يَعْقُوبَ الرُّخَامِيُّ قَالَ: حَدَّثَنَا الْهَيْقَمُ بْنُ جَمِيلٍ قَالَ: حَدَّثَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ عَنْ يَعْلَى بْنِ حَكِيمٍ وَالزُّبَيْرِ بْنِ قَالَ: حَدَّثَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ عَنْ يَعْلَى بْنِ حَكِيمٍ وَالزُّبَيْرِ بْنِ خَرِيت عَنْ عِكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُصَلِّي فَمَرَّتْ شَاةٌ بَيْنَ يَدَيْهِ فَسَاعاها إِلَى الْقِبْلَةِ حتى ألصق بطنه بالقبلة.

الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2365 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (702).

বাংলা

২৩৬৫. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাত আদায় করছিলেন এমন সময় একটি মেষ তাঁর সামনে দিয়ে অতিক্রম করতে চাইলে তিনি সেটাকে কিবলার দিকে যেতে বাধ্য করেন এমনকি তার পেট কিবলার দিকের (দেয়ালের) সাথে লেগে যায়।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৮২৭; হাকিম: ১/২৫৪; তাবারানী: ১১৯৩৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৭০২)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন